# AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 16.07.2026** **Time: 1.40 PM**

*************************************************************************

প্রভু জগন্নাথ দেবের আজ রথযাত্রা। বলভদ্র ও দেবী সুভদ্রাকে সঙ্গে নিয়ে জগন্নাথ দেব মাসির বাড়ি যাচ্ছেন রথে। ৯ দিন তারা সেখানেই থাকবেন।

কলকাতায় আজ ইসকনের ৫৫-তম রথ যাত্রার সূচনা করেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সোনার ঝাড়ু দিয়ে রাস্তা পরিস্কারের পর ষাষ্ঠাঙ্গে প্রণাম করেন তিনি। জগন্নাথ দেবের আরতির পর শ্রী অধিকারী বাংলার সনাতনী ঐতিহ্য রক্ষায় ইসকনের ভূমিকার প্রশংসা করেন।

( বাইট- শুভেন্দু/ ইস্কন )

পুরীর জগন্নাথ মন্দিরের মতো ঐতিহ্য মেনে **হুগলীর মাহেশে** শুরু হয়েছে ৬৩০ বছরের প্রাচীন রথযাত্রা। আমাদের জেলা সংবাদদাতা শুভ্রজ্যোতি মজুমদারের একটি প্রতিবেদন-

( ভিসি- শুভ্রজ্যোতি/ হুগলী)

**পূর্ব মেদিনীপুরের** মহিষাদল রাজবাড়ির ২৫০ বছরের রথযাত্রাকে কেন্দ্র করে উৎসবে মেতেছেন সাধারণ মানুষ। দীঘার জগন্নাথ মন্দিরের রথ এবার দ্বিতীয় বর্ষে পদার্পন করলো। মেচেদায় ইসকনের রথ ও তমলুকের গৌরাঙ্গ মহাপ্রভু মন্দিরের রথযাত্রায় আজ উপস্থিত থাকার কথা মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর। রথ উপলক্ষে জেলার একাধিক জায়গায় বসেছে মেলা।

**মুর্শিদাবাদে** কান্দির রাধাবল্লভের রথযাত্রায় বিপুল জনসমাগম হয়। লালবাগ নশিপুরের রাজা দেবী সিংহের প্রাসাদ সংলগ্ন রামানুজন সম্প্রদায়ের আখড়ায় বেরোয় চাঁদির রথ। জগন্নাথ বলরাম সুভদ্রা সহ রাম লক্ষণ, সীতার পেতলের রথযাত্রাও হয় এখানে। চড়েন লক্ষী নারায়নও। অন্যদিকে, লালগোলা রাজবাড়ীর রথ, বহরমপুরের জগন্নাথ দেবের রথ নিয়ে উৎসাহ-উদ্দীপনা তুঙ্গে। **নদীয়া**র মায়াপুরে ইস্কন মন্দিরেও চলেছে রথযাত্রায় বিশেষ পুজার্চনা। পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল এবং পূর্ত মন্ত্রী ডাক্তার অজয় পোদ্দার **পশ্চিম বর্ধমানের আসানসোলে** সিয়ারসোল রাজবাড়ির ১৯০-তম রথযাত্রা উৎসবের শুভ সূচনা করেছেন। **মালদা**য় প্রতি বছরের মতই শহরের আদি কংসবণিক দুর্গাবাড়ি মন্দিরে আজ রথের দিন মহা ধুমধামে দুর্গা টপ্রতিমার কাঠামো পুজে সম্পন্ন হয়েছে।

এদিকে, কলকাতার বিভিন্ন দুর্গা পুজো মন্ডপে চলছে খুঁটি পুজো। কলেজ স্কোয়ারের পুজোয় যোগ দিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। শ্রীভূমি, সুরুচি সংঘ ছাড়াও, অন্যান্য বারোয়ারিতে মহা ধুমধামে পুজোর আয়োজন করা হয়েছে।

*************************************************************************

রথযাত্রার পুণ্যতিথিতে আজ হুগলীর গোঘাটের কামারপুকুরে, চিরাচরিত প্রথা মেনে শ্রী রামকৃষ্ণ মঠ সংলগ্ন লক্ষ্মীজলা জমিতে ধান রোপণ করলেন, মঠের মহারাজ ও সাধু সন্ন্যাসীরা। মঠের অধ্যক্ষ স্বামী লোকত্তরানন্দজী মহারাজ জানান, রামকৃষ্ণ দেবের পিতা ক্ষুদিরাম চট্টোপাধ্যায় প্রতি বছর তাঁর আরাধ্য দেবতা রঘুবীরকে স্মরণ করে নিজ হাতে প্রথম ধানের চারা রোপণ করতেন।

*************************************************************************

সন্ত্রাসবাদে অর্থ সহায়তা এবং বেআইনী আর্থিক লেনদেনের তদন্তে, **উত্তর ২৪ পরগণার** একাধিক জায়গায় আজ ইডি এবং উত্তরপ্রদেশের অ্যান্টি টেরর স্কোয়াড–ATS তল্লাশি চালাচ্ছে। খারিজি মাদ্রাসায় গিয়ে নথিপত্র খতিয়ে দেখছেন ATS-এর আধিকারিকরা। এই মাদ্রাসার সঙ্গে যুক্ত স্থানীয় তৃণমূল কংগ্রেস নেতা আব্দুল্লা গাজির ছেলেকে জেরা করা হচ্ছে। গাজি পলাতক। জানা গেছে, গাজি উত্তরপ্রদেশের একটি মাদ্রাসা থেকে শিক্ষা লাভের পর NGO চালাতেন। তাঁর অ্যাকাউন্টে ঢোকা প্রচুর পরিমাণে অর্থ-এর উৎস খুঁজতেই এই অভিযান।

একইসঙ্গে হাড়োয়া এবং বাদুরিয়ায় ইডি তল্লাশি চালাচ্ছে। একটি বেসরকারি হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসায় বেআইনী আর্থিক লেনদেনে জড়িত থাকার অভিযোগে ট্রাস্টের কর্ণধার আব্দুস সামাদের জামাই এর আগে উত্তরপ্রদেশ থেকে গ্রপ্তার হয়েছিলেন। বিভিন্ন প্রতিষ্ঠান চালানোর নামে এই ট্রাস্টে প্রচুর পরিমাণে বিদেশি মুদ্রা আসতো বলে অভিযোগ।

অন্যদিকে, বাগদার গাঙ্গুলিয়ায় বিক্রম রায় নামে এক ব্যক্তির নামে পৌঁছেছেন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। বছর খানেক আগে বিক্রমকে একটি মামলায় NIA গ্রেপ্তার করে। বর্তমানে তিনি জামিনে মুক্ত রয়েছেন।

*************************************************************************

আর্থিক প্রতারণা মামলায় তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জীর সচিব সুমিত রায়ের বিরুদ্ধে পুলিশ আগামী মঙ্গলবার পর্যন্ত কোনো কঠোর পদক্ষেপ নেবে না বলে কলকাতা হাইকোর্ট মৌখিকভাবে জানিয়েছে। বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে আজ এই মামলার শুনানি ছিল। কিন্তু রথযাত্রার কারণে রাজ্যের পক্ষে আইনজীবীরা উপস্থিত না হওয়ায় মামলা মুলতুবি রাখার আবেদন জানানো হয়। পরবর্তী শুনানির দিন সোমবার হওয়ায় স্বাভাবিকভাবে কয়েকদিনের স্বস্তি পেয়েছেন সুমিত।

*************************************************************************

রাজ্যে জুড়ে চলছে অরণ্য সপ্তাহ উদযাপন। এরই অঙ্গ হিসেবে আজ রাজ্যের ৭০টি বড় আকারের রথযাত্রার উৎসব থেকে  রাজ্য সরকারের তথ্যসংস্কৃতি,স্বাস্থ্য দপ্তর ও পুলিশের সেবা ক্যাম্পগুলি  থেকে চারা গাছ বিতরণের ব্যবস্থা করেছে  বনদপ্তর। এদিকে, এই উপলক্ষে গণ উন্নয়ন পর্ষদের পক্ষ থেকে আজ কলকাতায় একটি সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। সেখানে ম্যানগ্রোভ অরণ্য বিশেষজ্ঞ পরিবেশবিদ ড কানাইলাল দাস  কীভাবে গাছ লাগানোর মাধ্যমে  পরিবেশে পরিবর্তন আসতে পারে তা তুলে ধরেন।

************************************************************************

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং সংলগ্ন উত্তর ওড়িশা ও পশ্চিমবঙ্গ উপকূলের ওপর থাকা নিম্নচাপ ধীরে ধীরে উত্তর পশ্চিমে এগোচ্ছে। আগামীকালের মধ্যে তা সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হবে। এর প্রভাবে আজ রথ যাত্রার দিন বহু জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস। দক্ষিণবঙ্গের পূর্ব-পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া এবং পুরুলিয়ার ভারি থেকে অতি ভারী বৃষ্টির কমলা সর্তকতা জারি করা হয়েছে।

************************************************************************